গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১০৮.২৩.০২৩.১৯.২৩৫

তারিখঃ ০৩ ফাল্গুন ১৪২৬ / ১৬ ফেব্রুয়ারি ২০২০

**বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার গৃহিত কর্মসূচির অগ্রগতির বিষয়ে সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার গৃহিত কর্মসূচির অগ্রগতির উপর গত ০৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী এতৎসংগে প্রেরণ করা হলো। কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০১ (এক) পাতা।

(মোঃ গোলাম মোস্তফা)
উপসচিব
ফোনঃ ৯৫৪৬৪৮০
ই-মেইলঃ dsmofla@gmail.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।
২। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেইট, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৫। উপ-পরিচালক (যুগ্মসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৬। রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

নং-৩৩.০০.০০০০.১০৮.২৩.০২৩.১৯.২৩৫

তারিখঃ ০৩ ফাল্গুন ১৪২৬ / ১৬ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

১। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি।

(মোঃ গোলাম মোস্তফা)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mofl.gov.bd

**বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার গৃহিত কর্মসূচির অগ্রগতির বিষয়ে সভার কার্যবিবরণী।**

সভাপতি : রওনক মাহমুদ, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

তারিখ ও সময় : ০৯ ফেব্রুয়ারি ২০২০, দুপুর ১২:০০ টা

স্থান : সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-'ক' তে সংযুক্ত আছে।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব সুবোল বোস মনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে এ মন্ত্রণালয়ের আওতাধীন ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও দক্ষিণ সিটি কর্পোরেশন এবং সাভার এলাকায় অবস্থিত দপ্তর/সংস্থার গৃহিত কর্মসূচির অগ্রগতি Power Point এর মাধ্যমে পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য অনুরোধ করেন। অতঃপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও দক্ষিণ সিটি কর্পোরেশন এবং সাভার এলাকায় অবস্থিত এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার গৃহিত কর্মসূচির অগ্রগতি Power Point এর মাধ্যমে পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|---|
| ১. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে মৎস্য অধিদপ্তর এবং বিভাগীয় অফিস ও সাভারস্থ অফিস বিলবোর্ড, ব্যানার, ফেস্টুন, শ্লোগান ও আলোকসজ্জার চিত্র Power Point এর মাধ্যমে সভায় উপস্থাপন করা হয়। মৎস্য ভবনের প্রধান ফটকে পেনার পরিবর্তে জুটেক্সে ব্যবহার, উক্ত ফটকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক মৎস্য অবমুক্তকরণের ছবি ও তাঁর পরিবারের সদস্যসহ মাছ ধরার অবলোকনের ছবি সংযোজন করা, ভবনের চতুর্দিকে বিশেষ করে রাতে দৃশ্যমানযোগ্য ব্যানার স্থাপন, ভবনের ছাদে লোগো সম্বলিত বেলুন স্থাপন, ভবনের আঙ্গিনায় পরিস্কার পরিচ্ছন্ন করা এবং মাছ বিচরণ ও আর ভি মীন সন্ধানী জাহাজ সম্বলিত চলন্ত আলোকসজ্জা স্থাপনসহ ইত্যাদি বিষয়ে সভায় আলোচনা হয়। মৎস্য অধিদপ্তর কর্তৃক উপস্থাপিত বিলবোর্ড, ব্যানার, ফেস্টুন ও শ্লোগান আংশিক পরিবর্তনপূর্বক গৃহিত মর্মে সভায় আলোচনা হয়। অতপর প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটর, | (ক) আগামী ১৬/০২/২০২০ তারিখের মধ্যে মৎস্য ভবনসহ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও দক্ষিণ সিটি কর্পোরেশন এবং সাভার এলাকায় অবস্থিত সকল অফিস ভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বিলবোর্ড, ব্যানার, ফেস্টুন, শ্লোগান ও আলোকসজ্জার চিত্র আপগ্রেড করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) বিলবোর্ড, ব্যানার ও ফেস্টুন তৈরীর ক্ষেত্রে জুটেক্স ব্যবহার করতে হবে।<br>(গ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক প্রকাশিত লোগো ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক বিধিবিধান অনুযায়ী সকল লোগো ব্যবহার করতে হবে।<br>(ঘ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও দক্ষিণ সিটি কর্পোরেশন এবং সাভার | মৎস্য অধিদপ্তর/ প্রাণিসম্পদ অধিদপ্তর/ বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন/ মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর/বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট/ বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল |

| | | | |
|---|---|---|---|
| | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এবং বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল এর গৃহিত কর্মসূচি Power Point এর মাধ্যমে সভায় উপস্থাপন করা হয়। তাঁদের উপস্থাপিত বিষয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা হয় এবং বিলবোর্ড, ব্যানার ও ফেস্টুন মৎস্য অধিদপ্তরের অনুরূপ হওয়া বাঞ্চনীয় মর্মে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। তাছাড়া আলোকসজ্জায় সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার কার্যক্রম যেমন মৎস্য অধিদপ্তরের ক্ষেত্রে মাছ বিচরণ, পোনা অবমুক্তকরণ, ইলিশ মাছ ধরা ও আর ভি মীন সন্ধানী জাহাজের গবেষণা ইত্যাদি এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের ক্ষেত্রে গরু মোটাতাজাকরণ ও চিকিৎসা সংক্রান্ত ইত্যাদির চিত্র সংযোজনপূর্বক লাইভ আকারে উপস্থাপন করার জন্য সভায় আলোচনা হয়।<br><br>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক প্রকাশিত লোগো ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক বিধিবিধান অনুযায়ী সকল লোগো ব্যবহার করার জন্য সচিব মহোদয় সভায় নির্দেশনা প্রদান করেন। তাছাড়া সচিব মহোদয় সভায় আরো উল্লেখ করেন যে, প্রতিটি বিলবোর্ড, ব্যানার ও ফেস্টুন দৃষ্টিনন্দন, জুটেক্স ও সার্জ লাইটের মাধ্যমে দৃশ্যমানযোগ্য হতে হবে। আগামী ১৭ মার্চ ২০২০ তারিখে জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষ্যে জাতীয় কমিটির সাথে সমন্বয় করে এ মন্ত্রণালয়সহ আওতাধীন দপ্তর/সংস্থার কর্মসূচির পালনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | এলাকায় অবস্থিত এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধান কার্যালয়সমূহের প্রধান ফটকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক মৎস্য অবমুক্তকরণের ছবি ও তাঁর পরিবারের সদস্যসহ মাছ ধরা অবলোকনের ছবি সম্বলিত দৃশ্যমানযোগ্য আলোকিত করে ডিসপ্লে উপস্থাপন করতে হবে।<br><br>(ঙ) বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে সহজ বাক্যে শ্লোগান নির্ধারণ করতে হবে। বিভাগীয় শ্লোগান এক ও অভিন্ন হবে।<br><br>(চ) বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে আলোকসজ্জায় সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার কার্যক্রম যেমন মৎস্য অধিদপ্তরের ক্ষেত্রে মাছ বিচরণ, পোনা অবমুক্তকরণ, ইলিশ মাছ ধরা ও আর ভি মীন সন্ধানী জাহাজের গবেষণা ইত্যাদি এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের ক্ষেত্রে গরু মোটাতাজাকরণ ও চিকিৎসা সংক্রান্ত ইত্যাদির চিত্র সংযোজনপূর্বক লাইভ আকারে উপস্থাপন করতে হবে।<br><br>(ছ) মৎস্য অধিদপ্তরের কর্মসূচি, ব্যানার, ফেস্টুন অনুসরণপূর্বক আগামী ১৬/০২/২০২০ তারিখের মধ্যে অন্যান্য দপ্তর/সংস্থা কর্মসূচি আপগ্রেড করতঃ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>(জ) আগামী ১৭ মার্চ ২০২০ তারিখে জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষ্যে এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাকে জনস্বার্থমূলক কিছু কার্যক্রম গ্রহণ করতে হবে। | |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

১৬/২/২০২০

(রওনক মাহমুদ)
সচিব

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনার অগ্রগতির উপর সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৯/০২/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় কর্মকর্তাদের উপস্থিতিঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | টেলিফোন/মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | কাজী ওয়াছি উদ্দিন অতিঃ সচিব | 01715-[illegible] | [signature] 07/02/2020 |
| ২. | সুবোল বোস মনি অতিঃ সচিব | 01712-749920 | [signature] 07/2/20 |
| ৩. | শ্যামল চন্দ্র কর্মকার অতিরিক্ত সচিব | 01717922367 | [signature] 07/2/2020 |
| ৪. | [illegible] চেয়ারম্যান (অতি: দায়িত্ব) | BFDC 01711335191 | [signature] 07/2/2020 |
| ৫. | ডাঃ মোঃ [illegible] রেজিস্ট্রার, [illegible] | 01711101404 | [signature] 07/2/2020 |
| ৬. | মোঃ আসাদুজ্জামান [illegible], পরিকল্পনা বিভাগ | 01762-854606 | [signature] |
| ৭. | আবুজাফর মো: রেজাউল [illegible] ডিরেক্টর, ডিবিপিসি | 01718-115528 | [signature] |
| ৮. | কাজী [illegible] আহমেদ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর | 01711988627 | [signature] |
| ৯. | ড. [illegible] মহাপরিচালক [illegible] | [illegible] | [signature] 07/2/2020 |
| ১০. | মো: শফিকুল কবির, উপ-পরিচালক (মুদ্রণ-প্রকাশনা) মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | 01729-482[illegible] | [signature] 07/02/2020 |
| ১১. | ডাঃ মোঃ [illegible] রহমান পরিচালক, প্রশাসন, ডিএলএস | 01715-508165 | [signature] 07/02/2020 |
| ১২. | মোঃ লুৎফর রহমান [illegible] পরিচালক, সম্প্রসারণ, DLS | 01712-567625 | [signature] 7/2/2020 |
| ১৩. | ডা: মো: হাসান ইমাম উপ-পরিচালক খামার DLS | 01739141268 | [signature] 07/2/2020 |
| ১৪. | এ.কে.এম. আরিফুল ইসলাম উপপরিচালক [illegible], বি.এল.আর.আই. | 01711816744 | [signature] 7/2/2020 |
| ১৫. | ড. গৌতম কুমার দেব এস. এস. ও, বিএলআরআই | 01716523423 | [signature] 07/2/2020 |
| ১৬. | ডাঃ মোঃ এনামুল কবির তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ) | 01712-561383 | [signature] 07/02/2020 |
| ১৭. | [illegible] রহমান [illegible] কর্মকর্তা | 01713403213 | [signature] 07/02/2020 |
| ১৮. | Md. Azizul Islam DS (PS to Secretary) | 01716246969 | [signature] |

| | | | |
|---|---|---|---|
| ১৯. | ড. মোঃ জিল্লুর রহমান | ০১৭১২২৬৭৪১২ | |
| ২০. | মোঃ জুয়েল শেখ<br>CFEO, DOF | ০১৭৬৪০৫১৩৫৪ | Khair |
| ২১. | সৈয়দ রাকিবুল মইন রুবিন<br>সিনিয়র তথ্য অফিসার-<br>মৎস্য | ০১৭১৭১১৯২৫০ | |
| ২২. | | | |
| ২৩. | | | |
| ২৪. | | | |
| ২৫. | | | |
| ২৬. | | | |
| ২৭. | | | |
| ২৮. | | | |
| ২৯. | | | |
| ৩০. | | | |
| ৩১. | | | |
| ৩২. | | | |
| ৩৩. | | | |
| ৩৪. | | | |
| ৩৫. | | | |
| ৩৬. | | | |
| ৩৭. | | | |
| ৩৮. | | | |
| ৩৯. | | | |